

তারিখ : 15/06/2016

আরবিআই অন্তরীণ 'S' বর্ণ বিশিষ্ট ₹20 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্রই নোটের উভয় সাংখ্যসরনীতে অন্তরীণ 'S' বর্ণ বিশিষ্ট ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর ড. রঘুরাম জি. রাজনের সহযুক্ত মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹20 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে। ব্যাংক নোটগুলির বিপরীত পৃষ্ঠে মুদ্রণ বর্ষ 2016 মুদ্রিত থাকবে।

এখন চালু হতে চলা এই ব্যাংক নোটগুলির নকশা আগে চালু হওয়া মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹20 টাকা অর্থমূল্যের ব্যাংক নোটগুলির সঙ্গে সর্বতোভাবে একই থাকবে।

রিজার্ভ ব্যাংক দ্বারা অতীতে চালু হওয়া ₹20 টাকা অর্থমূল্যের সমস্ত ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

প্রেস প্রকাশনী : 2015-2016/2914

অজিত প্রসাদ
সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)